

রোগীদের, সেবাকারীদের ও পরিবারবর্গের জন্য তথ্য

বিটুইন দ্য ক্ল্যাগস্: রোগীদেরকে নিরাপদ রাখা

এনএসডব্লিউ হেল্থের 'বিটুইন দ্য ক্ল্যাগস্' নামক একটি নিরাপত্তা ব্যবস্থা আছে যা স্বাস্থ্যসেবা কর্মীদেরকে কোন রোগীর আরো অসুস্থ হয়ে পড়ার পূর্বাভাস চিনতে সাহায্য করে। কর্মী তখন কার্যকরভাবে পরিস্থিতির সাদা দিতে পারেন।

সার্ফ লাইফ সেভারস্ সমুদ্র সৈকতে আপনার নিরাপত্তা নিশ্চিত করতে যেভাবে পাহারা দেয় 'বিটুইন দ্য ক্ল্যাগস্' সে পদ্ধতি প্রতিফলিত করে।



আদর্শ পর্যবেক্ষণ তালিকা

নিউ সাউথ ওয়েলসে, আমরা যে 'বিটুইন দ্য ক্ল্যাগস্' তালিকা ব্যবহার করি, তা কাগজের ফরমে বা কম্পিউটারে দেখা যেতে পারে। স্বাস্থ্যসেবা কর্মীগণ নিয়মিতভাবে আপনার শ্বাস ও হৃদ স্পন্দন, রক্তচাপ এবং তাপমাত্রা সেইসাথে অন্যান্য পর্যবেক্ষণ চার্টে লিপিবদ্ধ করবেন ,

রোগীরা কখন আরো অসুস্থ হয়ে পড়ছে তা স্বাস্থ্যসেবা কর্মীগণের শীঘ্র বুঝতে সাহায্যের জন্য চার্টগুলি রঙ্গিন কোডবিশিষ্ট। অধিকাংশ রোগীদের পর্যবেক্ষণগুলি হবে সাদা অঞ্চলে।


চার্টের রঙ্গিন অঞ্চলগুলি পরের পৃষ্ঠায় ব্যাখ্যা করা হয়েছে।

রোগীদের, সেবাকারীদের ও পরিবারবর্গের জন্য তথ্য

বিটুইন দ্য ফ্ল্যাগস্: রোগীদেরকে নিরাপদ রাখা


নীল অঞ্চল Blue Zone

বাচ্চা, শিশু ও প্রসূতি রোগীদের চার্টে 'নীল অঞ্চল' দেখা পর্যবেক্ষণগুলি 'নীল অঞ্চলে' হলে রোগী অসুস্থ হতে পারেন এবং তাঁকে স্বাস্থ্যসেবা কর্মীগণ আরো ঘনিষ্ঠভাবে নিরীক্ষণ করবেন।



হলুদ অঞ্চল Yellow Zone

পর্যবেক্ষণগুলি 'হলুদ অঞ্চলে' হলে রোগী অধিকতর অসুস্থ হতে পারেন স্বাস্থ্যসেবা কর্মীগণ রোগশয্যাসম্বন্ধীয় পর্যালোচনা (ক্লিনিক্যাল রিভিউ) মূল্যায়নের জন্য ডাক্তার বা উর্ধ্বতন নার্স/ধাত্রীকে ডাকতে পারেন। এর অর্থ হল নিরাপত্তা নিশ্চিত করার জন্য রোগীকে ৩০ মিনিটের মধ্যে দেখা হবে।



লাল অঞ্চল Red Zone

পর্যবেক্ষণগুলি 'লাল অঞ্চলে' হলে রোগী গুরুতরভাবে অসুস্থ হতে পারেন এবং স্বাস্থ্যসেবা কর্মীগণ দ্রুত সাড়া (রেপিড রেস্পন্স) ডাকবেন। এর অর্থ হল একটি অভিজ্ঞ কর্মীদল সম্বন্ধ বিছানার পাশে আসবেন।

আপনি আপনার বা যে ব্যক্তিকে আপনি যত্ন করেন তার অবস্থার কোন উদ্বিগ্নজনক পরিবর্তন ধরতে পারেন। আপনার স্বাস্থ্যসেবা কর্মীদের সাথে রীচ (REACH) সম্বন্ধে কথা বলুন। রীচ (REACH) হল রোগী ও পরিবার সক্রিয় কোন বৃদ্ধি। রীচ (REACH) বলতে বুঝায় চিনুন (Recognise), জড়িত হন (Engage), কাজ করুন (Act), ডাকুন (Call), এবং সাহায্য (Help) আসছে।

রোগীদেরকে নিরাপদে রাখার অন্যান্য কর্মসূচি

'বিটুইন দ্য ফ্ল্যাগস্' পদ্ধতির মতই, আপনি যখন হাসপাতালে থাকেন তখন আপনাকে নিরাপদে রাখতে সাহায্য করতে অন্যান্য কর্মসূচি রয়েছে যেমন রীচ (REACH), সেপসিস (Sepsis) এবং পার্টনারিং উইথ পিপল (Partnering with People)। আমাদের রোগী নিরাপত্তা কর্মসূচি সম্বন্ধে আমাদের ওয়েবসাইট থেকে আরো জানুন www.cec.health.nsw.gov.au



স্বীকৃতি:

এনএসডব্লিউ হেল্থ এই কর্মসূচির অংশ হিসাবে সার্ফ লাইফ সেভিং অস্ট্রেলিয়াকে তাদের রঙ এবং স্লোগান ব্যবহারে আমাদেরকে অনুমতি দেয়ার জন্য ধন্যবাদ জানায়। আমরা তাদের সহায়তার প্রশংসা করি। মনে রাখবেন "সর্বদা লাল ও হলুদ পতাকার মধ্যে সাঁতার কাটবেন" সার্ফ লাইফ সেভিং অস্ট্রেলিয়া সম্বন্ধে আরো তথ্য পাওয়া যাবে এখানে <https://sls.com.au/>